

## ৩১ অগাস্ট প্রথম পর্বের ফিল্ড-ওয়ার্কের কাজ শেষ হচ্ছে

বিগত চার মাস ধরে পার্টিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা প্রকল্পে সাক্ষাৎকার গ্রহণের কাজ চলছে। ২০১৭র সেপ্টেম্বর মাসে স্বাক্ষরিত মৌ-চুক্তি অনুযায়ী খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ডিসিপ্লিনের সঙ্গে এই গবেষণা প্রকল্পের কাজ এগোচ্ছে। প্রায় এক বছর ৫০ জন অধ্যাপক-গবেষক এই কাজে সক্রিয়ভাবে যুক্ত হয়েছেন। প্রথম পর্বের কাজে আমরা মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর চব্বিশ পরগণা ও দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় সাক্ষাৎকার গ্রহণের কাজ করেছি। এই পিপলস রিসার্চ প্রজেক্ট সাক্ষাৎকার প্রদানকারীদের মধ্যেও দারুণ সাড়া ফেলতে সমর্থ হয়েছে।

এক বছরের প্রথম পর্বের এই কাজ এখন সমাপ্তির পথে। আমরা ৩১শে অগাস্টের মধ্যে প্রথম পর্বের সাক্ষাৎকার গ্রহণের সমস্ত কাজ শেষ করব বলে স্থির করেছি। যে অকুণ্ঠ সহযোগিতা আমরা পেয়েছি এবং প্রকল্পের গবেষকরা স্বেচ্ছায় এগিয়ে এসে যেভাবে এই কাজ করছেন তা এককথায় অভূতপূর্ব ও দৃষ্টান্তমূলক। সমাজ ও সাহিত্য বিষয়ক একটি গবেষণা প্রকল্প হিসেবে এই পরিকল্পনা ও কার্যক্রমকে পর্যায়ক্রমে এগিয়ে নিয়ে যেতে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর ল্যান্ডস্কেপ, ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ' প্রতিশ্রুতিবদ্ধ। সেন্টার বাংলা পার্টিশন বিষয়ক একটি 'ডিজিট্যাল আর্কাইভ' ও রিপোর্জিটরি প্রস্তুত করতে চায়। যে কাজ ক্রমশ এগোচ্ছে। উচ্চতর গবেষণায় এই আর্কাইভ প্রভূত সাহায্য করবে।

আগামী ৩১ অগাস্টের মধ্যে সাক্ষাৎকার গ্রহণের কাজ শেষ করে গবেষকরা পরিকল্পনা মত লেখালিখির কাজে হাত দেবেন, এই আশা রাখি। ৩১ অগাস্টের পর কোনো সাক্ষাৎকার আয়োজন এবং ক্যামেরা পাওয়া যাবে না। এই পর্বে সাক্ষাৎকারের জন্য গবেষকদের যে ন্যূনতম খরচ প্রকল্পের পক্ষ থেকে দেওয়া হচ্ছে তা পর্যায়ক্রমে সল্টলেকের মূল ভবনের স্কুল অব হিউম্যানিটিসের অফিস থেকে গবেষকদের সংগ্রহ করতে বলা হচ্ছে। পরবর্তী সাক্ষাৎকার গ্রহণের পর্ব শুরু হবে নভেম্বর (২০১৮) মাসের শেষ দিকে। তখন বিশেষ বিজ্ঞপ্তির মাধ্যমে তা জানানো হবে।

এই পর্বের কাজের শেষ আন্তর্জাতিক সেমিনার ও সমাপ্তি অনুষ্ঠান আগামী অক্টোবর মাসের প্রথম সপ্তাহে করার চেষ্টা হচ্ছে। সেখানে নিশ্চয়ই গবেষকরা তাদের মূল্যবান কথা বলার সুযোগ পাবেন। প্রথম ও দ্বিতীয় সেমিনারে উত্থাপিত গবেষণাপত্র, বুক রিভিউ এবং ফিল্ডে সংগৃহীত নমুনার সংগ্রহ নিয়ে প্রকাশিত হবে এই পর্যায়ের প্রকাশনা। আশা করি সেখানেও গবেষকরা নিজেদের কৃতি ও কর্মকুশলতা বজায় রাখবেন। সব কিছু পরিকল্পনা অনুযায়ী এগোলে নভেম্বর-ডিসেম্বরে সেই প্রকাশনা উন্মোচিত হবে, এই আশা রাখি।

আপনাদের শুভেচ্ছা ও কৃতজ্ঞতা।

ভাল থাকবেন।

**কোর্ডিনেটর**

সেন্টার ফর ল্যান্ডস্কেপ, ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়